জঙ্গিপুর সংবাদের নিয়মাবলী

বিজ্ঞাপনের হার প্রতি সপ্তাহের জন্য প্রতি লাইন ।৵০ আনা, এক মাসের জন্য প্রতি লাইন প্রতি বার ।০ আনা, ১৲ এক টাকার কম মূল্যে কোন বিজ্ঞাপন প্রকাশিত হয় না। স্থায়ী বিজ্ঞাপনের দর পত্র লিখিয়া বা স্বয়ং আসিয়া করিতে হয়।

ইংরাজী বিজ্ঞাপনের চার্জ্জ বাংলার দ্বিগুণ।

সডাক বার্ষিক মূল্য ২৲ টাকা।

নগদ মূল্য ৵০ এক আনা।

শ্রীবিনয়কুমার পণ্ডিত, রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ।

Registered
No. C. 853

জঙ্গিপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ-পত্র

—০·০—

হাতে কাটা

বিশুদ্ধ পৈতা

পণ্ডিত-প্রেসে পাইবেন।

অরবিন্দ এণ্ড কোং

মহাবীরতলা পোঃ জঙ্গিপুর (মুর্শিদাবাদ)

ঘড়ি, টর্চ, ফাউন্টেন পেন, চশমা, সেলাই মেসিনের পার্টস্ এখানে নূতন কিনিতে পাইবেন।

এখানে সকল প্রকার সেলাই মেসিন, ফটো ক্যামেরা, ঘড়ি, টর্চ, টাইপ রাইটার, গ্রামোফোন ও যাবতীয় মেসিনারী সুলভে সুন্দররূপে মেরামত করা হয়। পরীক্ষা প্রার্থনীয়।

৪০শ বর্ষ | রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ—১১ই কার্ত্তিক বুধবার ১৩৬০ ইংরাজী 28th Oct, 1953 | ২৩শ সংখ্যা

সাফল্য ও সমৃদ্ধির পথে

বৃহত্তর ক্ষেত্রে জনসেবার যে গৌরব ও জনগণের যে অকুণ্ঠ আস্থার উপর ভিত্তি করিয়া হিন্দুস্থান উত্তরোত্তর সমৃদ্ধির পথে অগ্রসর হইতেছে এবং যে সঙ্গতি, সততা ও প্রতিষ্ঠা হিন্দুস্থানের পূর্ব্বাপর বৈশিষ্ট্য, তাহার সুস্পষ্ট পরিচয় পাওয়া যায় ইহার ১৯৫২ সালের ৪৬তম বার্ষিক কার্য্য-বিবরণীতে।

নূতন বীমা
১৬,৩৮,৭৯,২৯৮৲

মোট চলতি বীমা	৮৬,৭১,৮৫,০৪০৲
মোট সম্পত্তি	২২,৪৯,৮৩,০৫৬৲
বীমা ও বিবিধ তহবিল	১৯,৭৭,৭৬,২৮৭৲
প্রিমিয়ামের আয়	৩,৯৪,২২,৩৭১৲
দাবী শোধ (১৯৫২)	৮৮,৮২,২৭১৲

হিন্দুস্থানের বীমাপত্র নিরাপদ সারবান ও লাভজনক।

হিন্দুস্থান কো-অপারেটিভ
ইন্সিওরেন্স সোসাইটি, লিমিটেড
হেড অফিস—হিন্দুস্থান বিল্ডিংস
৪নং চিত্তরঞ্জন এভিনিউ, কলিকাতা—১৩

সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ।

জঙ্গিপুর সংবাদ

১১ই কার্ত্তিক বুধবার সন ১৩৬০ সাল

৺বিজয়ার সাদর সম্ভাষণ

মহাপূজার অবকাশান্তে আমরা আমাদের গ্রাহক, পাঠক, বিজ্ঞাপনদাতা ও শুভানুধ্যায়ী জনগণের প্রত্যেককে মর্য্যাদানুসারে প্রণাম, নমস্কার ও শুভেচ্ছা জ্ঞাপন করিয়া কর্ম্মক্ষেত্রে অবতীর্ণ হইলাম।

"মা আমার কৈলাসে চলেছে"

মা মহামায়া পিতা মহেশ্বরের নিকট মাত্র তিন দিনের জন্য পিত্রালয়ে আসিয়া অবস্থান করিবার অনুমতি প্রাপ্ত হইয়া থাকেন। এবার ১৩৬০ সালের পঞ্জিকা বাহির হইবামাত্র কোন কোন পঞ্জিকার মতে মায়ের তিন দিনের দিনই কৈলাসে ফিরিতে হইবে দেখিয়া ভক্তমাত্রেই একটু মর্ম্মাহত হইয়া উঠিয়াছিলেন। "যেষাং মনোবৃত্তিরুদেতি যাদৃক্" এই বচনের বলে কেহ তিন দিনের দিন, কেহ বা চতুর্থ দিনে মাকে বিদায় দিবার ব্যবস্থা করিয়াছেন। দুয়ের মধ্যে কোন্ ব্যবস্থা ঠিক তাহা আমরা বলিতে না পারিলেও, এটা ঠিক বলিতে পারি যে পিতা মহেশ্বরের তিন দিনের দিনই মায়ের প্রত্যাবর্ত্তন বাঞ্ছনীয়। ইংরাজের আমল হইতে আমরা প্রায় দেখিয়াছি—সরকারী কর্ম্মচারীদের অবসর গ্রহণের দুইটি মত আছে। এক পঁচিশ বৎসর চাকরী হইলেই তাঁহাকে কাজ ছাড়িতে হইবে। অন্য—পঞ্চান্ন বৎসর বয়স হইলেই তাঁহার আর কাজে থাকিবার উপায় নাই। সরকারের রুচিকর ব্যবস্থা যে-টি প্রথমে আসে, (which comes first) পিতা মহেশ্বরের মনঃপূত তিন দিনের মধ্যে মা ফিরিলে তিনি চার দিন চান না। নানা মুনির নানা মত। কেহ তিন দিনের দিনই মায়ের প্রতিমা নিরঞ্জন করিলেন, কেহ চার দিনের দিন প্রতিমা নিরঞ্জন করিলেন। তামসিক পূজা মণ্ডপগুলির মধ্যে কোন কোন মণ্ডপে ৫ দিন, ৬ দিনও প্রতিমা বিসর্জ্জিত হয় নাই।

মা প্রতি বৎসরই যাইবার সময় অত্যুৎসাহী উদ্যোক্তা ভক্তগণের ভক্তির মাত্রা সাধারণকে দেখাইবার সুযোগ ছাড়েন না। আমাদের মায়ের প্রতিমা আগে যাইবে এই জিদের ধূয়া তুলিয়া দুই দলের মধ্যে মারামারি ফাটাফাটি। ফলে ফৌজদারী মামলার জের মায়ের আগামী বর্ষের আগমনের দিন পর্য্যন্ত জের মিটিবে না। নিরীহ দর্শকগণ মায়ের নিরঞ্জনের শোভাযাত্রা দেখিতে আসিয়া মায়ের উৎকট ভক্তদের বোমার আঘাতে প্রাণ হারাইয়াছে। কেহ কেহ প্রাণ অপেক্ষা প্রিয়তম একমাত্র পুত্রকে হারাইয়া আজীবনকাল মায়ের বিজয়ার দিনকে তাহার কপালভাঙার দিন বলিয়া হা হুতাশ করিবে। মায়ের এই সমস্ত হিংস্র ভক্তগণকে দেখিয়া মাকেই বলিতে ইচ্ছা করে—"মা, তুমি বাপকে ক্ষমা কর নাই। দক্ষরাজার যজ্ঞ নষ্ট করিয়া তাঁহাকে ছাগমুণ্ড করিয়া তবে ছাড়িয়াছ, চণ্ডমুণ্ড নিপাত করিয়াছ, মহিষাসুর বধ করিয়াছ, কিন্তু এই সব ভক্তনামধারী পিশাচদের কিছু করিতে পার না মা!" তুমি পারো না একথা বলিলে আমরা বিশ্বাস করিব না মা! ভাঙে বিভোর, গঞ্জিকাসেবী বলিয়া কথিত বাবা ভোলানাথের নিজের রাষ্ট্রশাসন দেখিলে অবাক হইতে হয়। ভোলানাথ যে রাজ্যের রাজা, তুমি যে রাজ্যের রাণী সে রাজ্যের শাসনপ্রণালী দেখলে অবাক হ'তে হয় মা! তোমার বাহন সিংহ, বাবার বাহন ষাঁড়। কৈ কোনও দিন শোনা যায় নাই যে সিংহ ষাঁড়কে একটি নখের আঘাত করিয়াছে! তোমার সাপ, গণেশের ইঁদুর, কার্ত্তিকেয়ের ময়ুর। কেহ কাহাকেও হিংসা করিতে পারে না। কর্ম্মচারী বলিতে গাঁজাখোর নন্দী আর ভৃঙ্গী। তাদের দাপে কেউ টুঁ শব্দ করিতে পারে না। মা আমরা এবার খবরের কাগজে দেখিয়াছি ফটো—যাতে আমাদের রাষ্ট্রপতি রাজেন্দ্রপ্রসাদ তোমার চরণে অঞ্জলি দিতেছেন। মা, তোমার রাষ্ট্রপদ্ধতি তাঁহাকে স্বপ্নে শিক্ষা দিলে আমরা নিশ্চিন্ত হতে পারি।

বাঘের বিয়ের অধিবাসের ঠেলা

পঞ্চবার্ষিক পরিকল্পনার প্রচার-পর্ব্ব এখনও শেষ হয় নাই। বর্ত্তমান সময় হইতে ১৯৫৬ মার্চ্চ পর্য্যন্ত দেড় কোটি টাকার বরাদ্দ করা হইয়াছে।

চলচ্চিত্রের মারফতে ৪৬০০০০০৲ ছেচল্লিশ লক্ষ টাকা।

প্রচারযানের জন্য ৩৪০০০০০৲ চৌত্রিশ লক্ষ টাকা।

পুস্তক প্রচারের জন্য ২০৫০০০০৲ কুড়ি লক্ষ পঞ্চাশ হাজার টাকা।

পঞ্চবার্ষিক পরিকল্পনার যথেষ্ট প্রচার করা হইয়াছে। ভারত যে অন্যান্য দেশের মত সর্ব্বাঙ্গ সুন্দর হইবে, তাহাতে যাহারা বিরুদ্ধ সমালোচনা করেন, তাঁহারাও পরিকল্পনার সাফল্য দেখিলে যে থোঁতা মুখ ভোঁতা করিয়া এক বাক্যে ইহার প্রশংসা করিবেন তাহাতে কোনও সন্দেহ নাই। পরিকল্পনানুসারে কার্য্য আরম্ভ হইয়াছে, তবু যে ভারত সরকার এত টাকা খরচ করিতে উদ্যত তাহা বুঝিতে পারা যায় না। ব্যাপার দেখিয়া এবং খরচের বহর শুনিয়া আমাদের ছেলেবেলার বাঘের বিয়ের অধিবাসের গল্প মনে পড়ে।

গল্পটী

এক নাপিত একদিন এক বনের মধ্য দিয়ে গ্রামান্তরে যজমান বাড়ী যেতে যেতে একটি প্রকাণ্ড বাঘের পাল্লায় পড়ে। বাঘ তাকে ভক্ষণ করিতে উদ্যত হইলে, সে তাহার জাতিগত প্রত্যুৎপন্নমতিত্বের বলে বাঘকে বলিল, ভাই, আমাকে বধ করিও না, আমি নাপিত, তোমার বিয়ে দিয়ে দিব, প্রতিজ্ঞা করছি। আমার পরিচিতা এক বাঘিনী আছে, সেও উপযুক্ত বর খুঁজতে আমাকে ভার দিয়েছে। বিয়ের কথা শুনে বাঘ ভারি খুশি হ'য়ে নাপিতকে ছেড়ে দিয়ে যখন বল্‌লে—ভাই, বিয়ের জন্য কি কি খরচ হবে? নাপিত সুযোগ বুঝে বলে উঠলো ভাই, আজকাল মানুষের দেখে সব জানোয়ার ফ্যাসান শিখছে। গয়নাপত্তর যা পার আমাকে দিও আমি তাকে দিয়ে আশীর্ব্বাদ করে পাকা দেখা শেষ ক'রে রাখবো। তারপর তোমার সুবিধা আর তোমার ভাবী বাঘিনীর সুবিধা মত শুভদিন স্থির ক'রে শুভকার্য্য শেষ করা যাবে।

বাঘ নাপিতের এই প্রস্তাব খুব আনন্দের সহিত বিশ্বাস ক'রে বনের ধারে যাকে গয়না প'রে যেতে দেখে তার ঘার মটকিয়ে গয়নাগুলো নিয়ে নাপিতকে ডেকে দিয়ে দেয়। কেউ টাকা পয়সা নিয়ে বনের ধারের রাস্তা দিয়ে গেলেই তাকে তাড়া ক'রে অন্ততঃ টাকাগুলো নিয়ে নাপিতকে তার বাড়ী হ'তে ডেকে এনে দিয়ে দেয়। নাপিত আজ ভাদ্র মাস, কাল আশ্বিন মাস, তারপর কার্ত্তিক মাস বিয়ের দিন নাই, এমনি করে টালমাটাল ক'রে লম্বা দিন ফেলে দেয়। মাঘ মাসের শেষে বিয়ের দিন দিয়ে নাপিত ও তার স্ত্রী প্রমাদ গণিতে আরম্ভ করিল। বাঘ অনেক সোনাদানা, নগদ টাকা দিয়েছে বিয়ের আশায়। বিয়ে না হ'লে সে নাপিতের সবংশ শেষ করে দিবে।

নাপিতের দেওয়া দিন বাঘ তার বাড়ীতে উপস্থিত হবা মাত্র, নাপিত তার উপস্থিত বুদ্ধির বলে কতকগুলি হলুদ এনে শিল নোড়ায় তার স্ত্রীকে বাঁটতে লাগিয়ে দিয়ে বাঘকে বল্লে—ভাই, আমি তোমার দেরী দেখে খুব ভাবছিলাম, আজ অধিবাস। ঐ দেখ, নাপিতানী অধিবাসের সব ঠিক ক'রে তোমার আশা পথ চেয়ে হলুদ বাঁটতে লেগেছে। বাঘ নাপিতের ঘরে বসে রইল। নাপিতের স্ত্রী একাই উলু দিয়ে বাঘের গায়ে হলুদ মাখিয়ে দিল। ইতিমধ্যে নাপিত বাজারে গিয়ে একটা প্রকাণ্ড নূতন বস্তা নিয়ে এসে হলুদ মাখার পর নাপিত-গিন্নী বাঘকে বস্তার মধ্যে প্রবেশ করতে বল্লে—এ হচ্ছে অধিবাসের স্ত্রী আচার। তোমার কনেকেও ওদের ওখানে এই বিধি মেনে চলতে হচ্ছে। বাঘ ভারী খুশি হয়ে বস্তার মধ্যে প্রবেশ করলো। নাপিতানী তখন উলু দিয়ে বার কত শাঁখ বাজাতেই নাপিত কয়েকজন লোক নিয়ে ঘরে ঢুকে বস্তার মুখে শক্ত ক'রে বাঁধন দিয়ে টানতে টানতে উঠানে নিয়ে এসে সকলে মিলে বড় বড় লাঠি নিয়ে লাগলো বেদম পিটতে। মারের চোটে বাঘ বস্তার মধ্যে মরার মত হ'য়ে নড়ন চড়ন হীন হ'য়ে পড়লো। নাপিত তখন বস্তাকে সেই মুখ বাঁধা অবস্থায় গ্রামের পাশে নদীতে ফেলে দিল। বাঘ সেই অবস্থাতেই ভাসতে ভাসতে এক চড়ায় বস্তা সমেত আটকা পড়লো। সেই চড়ায় ঝাউগাছের জঙ্গলের মধ্যে এক বাঘিনী বানে ভাসতে ভাসতে এসে আশ্রয় নিয়েছিল। চড়ায় বস্তাটি লাগার পর বাঘিনী তার মধ্যে কোন খাদ্য বস্তু আছে মনে ক'রে মুখ দিয়ে তার বাঁধন খুলে দেখে যে তারই মত এক বাঘ আছে। জলে ফেলার পর বাঘ জল খেয়ে একটু সাব্যস্ত হয়ে চড়ায় ঠেকে। বাঘিনীকে তার উদ্ধারকর্ত্রী দেখে সে মহানন্দে তাহাকে আদর করিতে লাগিল। বাঘ তার মনের মত বউ পেয়ে সাঁতার দিয়ে নাপিতের বাড়ীতে উপস্থিত হলো ধন্যবাদ দিবার জন্য। নাপিত বাড়ীতে বাঘের উপস্থিতিতে সপরিবারে কাঁদিতে লাগিল। বাঘ তাদের অভয় দিয়ে বল্লো—ভাই—বেশ বাঘিনী পেয়েছি। একটু বল পেলেই তোমার ঘটকালির পুরস্কার সংগ্রহ ক'রে দিয়ে যাব। বাঘ হা নিঃশ্বাস ফেলে তার কৃতজ্ঞতা জানিয়ে বার বার বলে—নাপিত ভাই, গায়ে হলুদের পর, অধিবাসের ঠেলা ভুলতে গিয়েও ভুলতে পারছি না।

"বিজয়া"

(শ্রীযতীন্দ্রমোহন ভট্টাচার্য্য)

আমায় বিদায় দাও, জননি,—
ওই দেখ মাতঃ হইল প্রভাত
শরতের শুভ্র নবমী রজনী।
তোমার স্নেহের গুহ ও গণেশ
যাইবার তরে ধরেছে সুবেশ
দ্বারে দাঁড়াইয়া দ্বারী নন্দি কেশ
যাইবে বলিয়া সেজেছে এখনি,
আমি নাহি গেলে কৈলাস শিখরে
কে দেখিবে মাতঃ তোমার সে হরে
সে যে শ্মশানে বিহরে কখন যে কি করে
পাগলের শিরোমণি।
মোরে না দেখিলে গণ অগণন
দিবানিশি তারা করিবে রোদন
বৃষভও ত্যজিবে তার পর্ণাশন
নয়নের জলে ভিজাবে ধরণী
আবার আসিব সম্বৎসর পরে
কেঁদোনা ভেবোনা তুমি মোর তরে
যখন ডাকিবে দেখিবে অন্তরে
আমি যে সবার অন্তরবাসিনী
কোথা হ'তে এস কোথায় বা যাও
মহামায়ারূপে জগৎ ভুলাও
ভুলাইয়া সবে কিবা সুখ পাও
ভুলান স্বভাব যতীনের বাণী।

ORDER.

Applications are invited from the intending candidates for the re-settlement of Nayansukh Country Spirit and Drug Shop in P.S. Farakka of this district. Applications should be filed on a twelve annas court fee stamp. Further particulars to be had from the Murshidabad Excise Office, Berhampore. The last day of filing application is 10.11.53.

Sd/- G. Halder.
12.10.53.
For Additional District Magistrate,
Murshidabad.

অপেরীণ

ডাক্তার বি. এন. রায় করেন আবিষ্কার,
ল্যান্সেটের খোঁচা খেতে হবে না কো আর।
বাগী, ফোড়া, পৃষ্ঠাঘাত আদি যত রোগে,
অপারেশন ক'রে লোক কি যন্ত্রণা ভোগে!
প্রথম অবস্থায় যদি করে ব্যবহার,
একেবারে বসে যাবে পাকিবে না আর
পরবর্ত্তী অবস্থাতে আপনি যাবে ফেটে,
কষ্ট পেতে হইবে না ছুরী দিয়ে কেটে।
দামও মোটে দেড় টাকা মাশুল তের আনা।
ফতেপুর, গার্ডেনরীচ (কলকাতা) ঠিকানা।
ডাক্তার বি. এন. রায় এইখানে থাকে।
ঔষধ পাইতে হ'লে পত্র দেন তাঁকে।

বাটী ও জমি বিক্রয়

রঘুনাথগঞ্জে সদর রাস্তা ও ম্যাকেঞ্জি পার্ক রোডের মোড়ে অবস্থিত একখানি দ্বিতল বাটীর বিভক্ত অর্দ্ধাংশ এবং ফৌজদারী কোর্টের পূর্ব্বে গঙ্গার ধারে ১৮ বিঘা ও ৯ বিঘা দুই প্লট জমি বিক্রয় হইবে। নিম্নে অনুসন্ধান করুন। শ্রীরঘুনাথ বড়াল,
রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ।

নিলামের ইস্তাহার

চৌকি জঙ্গিপুর ১ম মুন্সেফী আদালত

নিলামের দিন ১৬ই নভেম্বর ১৯৫৩

১৯৫৩ সালের ডিক্রীজারী

৩৬ খাং ডিঃ রায় জ্ঞানেন্দ্রনারায়ণ চৌধুরী বাহাদুর দিং দেং সুকনী দাসী দাবি ২৩৶৬ থানা রঘুনাথগঞ্জ মৌজে গিরিয়া ১-২১ শতকের কাত ১।২ পাই আঃ ১০৮৲ খং ৫৪৮ স্থিতিবান

চৌকি জঙ্গিপুর ২য় মুন্সেফী আদালত

নিলামের দিন ২৩শে নভেম্বর ১৯৫৩

১৯৫৩ সালের ডিক্রীজারী

২০৪ খাং ডিঃ রায় জ্ঞানেন্দ্রনারায়ণ চৌধুরী বাহাদুর দিং দেং কৃষ্ণলাল দত্ত দাবি ৬।৶৯ থানা সাগরদীঘি মৌজে মাঠখাগড়া ৯৮ শতকের কাত ১২৸৶৬ আঃ ৫৲ খং ২২২

চৌকি জঙ্গিপুর ১ম মুন্সেফী আদালত

নিলামের দিন ১৪ই ডিসেম্বর ১৯৫৩

১৯৫৩ সালের ডিক্রীজারী

১৩৯ খাং ডিঃ ধরমচাঁদ সেরাওগী দিং দেং গোপেন্দ্রনারায়ণ সেন দিং দাবি ১৩৸৶৩ থানা রঘুনাথগঞ্জ মৌজে মির্জ্জাপুর ১-৮১ শতক নিষ্কর জমির সেস ৶০ আঃ ৪০৲ খং ১০৯৮ অধীনস্থ খং ১০৯৯ নিষ্কর ব্রহ্মত্র স্বত্ব

৪২৩ খাং ডিঃ ঐ দেং যতীন্দ্রনাথ রায় দিং দাবি ৪২৶৬ থানা ঐ মৌজে মিঠিপুর, সেকেন্দরা, রামেশ্বরপুর ১-৮৫ শতকের কাত ৬৫৪ আঃ ৩৫৲ খং ৫৭৯, ১২৯৩, ২৩৮

৪৪২ খাং ডিঃ উমানাথ সিংহ দেং দ্বিজপদ হালদার দাবি ২৬৷৯ থানা রঘুনাথগঞ্জ মৌজে ধলো ৪-৮৯ শতকের কাত ১২৸৮ আঃ ১০৲ খং ১৭৩ রায়ত স্থিতিবান স্বত্ব

১৭২ খাং ডিঃ সেবাইত শ্যামাচরণ নাথ দেং জাব্বার সেখ দিং দাবি ৪১/৩ থানা রঘুনাথগঞ্জ মৌজে রামদেবপুর ২০০ শতকের কাত ৫৷৶১০ আঃ ১০৲ খঃ ৩৮৭ রায়ত স্থিতিবান স্বত্ব

৪০১ খাং ডিঃ ভুজঙ্গভূষণ দাস দিং দেং সৌদামিনী দাসী দাবি ১৪৶৩ থানা রঘুনাথগঞ্জ মৌজে জোতসুন্দর ৩৩ শতকের কাত ৮৶৬ আঃ ৫৲ খং ৯৮ রায়ত স্থিতিবান স্বত্ব

৪০২ খাং ডিঃ ঐ দেং ঐ দাবি ৩১৷৶৩ মৌজাদি ঐ ১-৫১ শতকের কাত ৪/৮ আঃ ১০৲ খং ৯৬ রায়ত স্থিতিবান স্বত্ব

৪০৩ খাং ডিঃ ঐ দেং সেবাইত মধুবনবিহারী পাঁড়ে দাবি ১২৶৬ থানা ঐ মৌজে সাহাজাদপুর ১৭ শতকের কাত বৃদ্ধিসহ ।৶১০ আঃ ৫৲ খং ১৮৪ রায়ত স্থিতিবান স্বত্ব

৪০৪ খাং ডিঃ ঐ দেং নজিমন বিবি দাবি ১৪৸৩ মৌজাদি ঐ ৩৪ শতকের কাত ১৫৩ আঃ ৫৲ খং ২২৭ রায়ত স্থিতিবান স্বত্ব

৪০৫ খাং ডিঃ ঐ দেং সুবাসিনী বর্ম্মণ্যা দাবি ৩৮৷৶৩ থানা ঐ মৌজে দোনলীয়া ১-৭৮ শতকের ৫৶৩ আঃ ১০৲ খং ১৪৯ রায়ত স্থিতিবান স্বত্ব

৪০৬ খাং ডিঃ ঐ দেং যদুপতি দাস দিং দাবি ৩৫৸৶৩ থানা ঐ মৌজে খোদরামপুর ৫৬ শতকের কাত ৪৷৶০ আঃ ১০৲ খং ১৫৪ রায়ত স্থিতিবান স্বত্ব

৪০৭ খাং ডিঃ ঐ দেং চণ্ডিচরণ রায় দিং দাবি ৩০৶৩ থানা ঐ মৌজে সাহাজাদপুর, দোনলীয়া ১-২০ শতকের কাত ৩৷০ আঃ ৫৲ খং ৮৫, ৫৯ মধ্যে রায়ত স্থিতিবান স্বত্ব

৪০৮ খাং ডিঃ ঐ দেং সুব্রত মণ্ডল দিং দাবি ১৩৩৶৩ থানা ঐ মৌজে নবাবগাগীর, জোতসুন্দর ৮-৩৬ শতকের কাত ২০৸৶০ আঃ ৫০৲ খং ৭৩, ৩০৭ রায়ত স্থিতিবান স্বত্ব

৪০৯ খাং ডিঃ ঐ দেং তড়িৎবরণী দেবী দাবি ১৫৬৸৬ থানা ঐ মৌজে হুদরাপুর ৯ ৮৬ শতকের কাত ২৬৲ আঃ ৪০৲ খং ৮৪ রায়ত মোকররী স্বত্ব

৪২৭ খাং ডিঃ ঐ দেং শ্যামাপদ রায় দিং দাবি ৪৯৷৶৯ থানা ঐ মৌজে বড়শিমুল ২-৩২ শতকের কাত ৭৷৶২ আঃ ১৫৲ খং ৩৫৭, অধীনস্থ স্বত্বের খং ৩৫৮ সহ রায়ত মোকররী

৪২৮ খাং ডিঃ ঐ দেং ঐ দাবি ১৪৷৩ থানা ঐ মৌজে খোদরামপুর ৩৬ শতকের কাত ৮১১ আঃ ৫৲ খং ১৮২ রায়ত স্থিতিবান স্বত্ব

৪২৯ খাং ডিঃ ঐ দেং ঐ দাবি ১৯৶৩ থানা ঐ মৌজে দোনলীয়া ৬৯ শতকের কাত ১৷৶৮ আঃ ৫৲ খং ১৬৩ রায়ত স্থিতিবান স্বত্ব

৪৩০ খাং ডিঃ ঐ দেং ঐ দাবি ১১৮৶৩ থানা ঐ মৌজে জলশুখা ১৪ শতকের কাত ।/২ আঃ ৩৲ খং ১২৬ রায়ত স্থিতিবান স্বত্ব

৪১৪ খাং ডিঃ নীরেন্দ্রনাথ ভট্টাচার্য্য দিং দেং মেজাদ সেখ দিং দাবি ৩২/০ থানা রঘুনাথগঞ্জ মৌজে বাড়ালা ৫৮ শতকের কাত ৪৲ আঃ ১৫৲ খং ৫৩২

৪১২ খাং ডিঃ ঐ দেং খুদু বিবি দিং দাবি ৩৯৷৶০ থানা ঐ মৌজে সীমলা ১-০৬ শতকের কাত ৫।১০ আঃ ১০৲ খং ১১৫

৪১৩ খাং ডিঃ ঐ দেং সলিম সেখ দিং দাবি ১৩৯৶৬ থানা ঐ মৌজে মথুরাপুর ৫ ৬৪ শতকের কাত ২১।৶৯ আঃ ১০৲ খ ২৩৭

৩১৯ খাং ডিঃ শ্যামাপদ রায় দেং সুকরদ্দি মণ্ডল দাবি ২২৷৶৬ থানা রঘুনাথগঞ্জ মৌজে জালালপুর ১০ শতকের কাত ১৷০ আঃ ৪৲ খং ১৭৫ কোর্ফা দখলী স্বত্ববিশিষ্ট দেশাচার অনুসারে

৩৩৪ খাং ডিঃ চণ্ডিদাস সিংহ দিং দেং দেবেন্দ্র নাথ দাস দাবি ১৮৷৶০ থানা সুতী মৌজে ফতে-উল্লাপুর ৷০ কাঠার কাত ৮৶৬ আঃ ৫৲

৩৮১ খাং ডিঃ শ্রীনন্দন দাস দিং দেং আয়জুদ্দিন সেখ দিং দাবি ৬২৸৬ থানা সুতি মৌজে একাটিয়া ৩-৩৭ শতকের কাত ৮৶১৯ আঃ ১০৲ খং ১৯৬

৩৮২ খাং ডিঃ সীমা দেবী দেং শ্রীনন্দন মণ্ডল দিং দাবি ৩২৶৯ থানা সুতি মৌজে নজিরপুর ৬-০৪ শতকের কাত ৯৷৶১ আঃ ১৫৲ খং ১১১

৩৫৪ খাং ডিঃ নারায়ণচন্দ্র মুখোপাধ্যায় দিং দেং নকড়ি সাহা দিং দাবি ৫১৷৶০ থানা রঘুনাথগঞ্জ মৌজে কুলড়ী ২-৯৬ শতকের কাত ১১৮৶৬ আঃ ২৫৲ খং ৩৮০

৩৫৫ খাং ডিঃ ঐ দেং ঐ দাবি ১৪৯৸৬ থানা ঐ মৌজে সিদ্ধিকালি ৭-০০ একরের কাত ৪২৷৶১ আঃ ৯০৲ খং ৩৪৮

৩৫৬ খাং ডিঃ ঐ দেং ঐ দাবি ২৩৮৶৬ থানা ঐ মৌজে কুলুরি ৯৯ শতকের কাত ৩৮৶০ আঃ ১০৲ খং ৩৮১

৪৪৬ খাং ডিঃ মেদিনীপুর জমিদারী কোং লিঃ দেং পূর্ণ দাস দিং দাবি ৪১৷৬ থানা সুতি মৌজে নয়াবাহাদুরপুর ৮৮ শতকের কাত ৪৶৩ আঃ ৩০৲ খং ৭৬

৪৪৮ খাং ডিঃ ঐ দেং বিলাতালী মণ্ডল দিং দাবি ২১/৩ মৌজাদি ঐ ১-৫০ শতকের কাত ৩৮৶৬ আঃ ১৫৲ খং ৩৮০

৪৫৯ খাং ডিঃ ঐ দেং বংশীধর দাস দিং দাবি ৬৭৯ মৌজাদি ঐ ৩-৪৫½ শতকের কাত ১২।১ আঃ ৬০৲ খং ৩৪৮

৪৬০ খাং ডিঃ ঐ দেং অষ্টবালা বেওয়া দাবি ২৩৷৶৩ মৌজাদি ঐ ৪৪ শতকের কাত ৪৶৬ আঃ ৪৫৲ খং ২৮৯

নিলামের ইস্তাহার

চৌকি জঙ্গিপুর ১ম মুন্সেফী আদালত

নিলামের দিন ১৪ই ডিসেম্বর ১৯৫৩

১৯৫৩ সালের ডিক্রীজারী

৪৬৭ খাং ডিঃ মেদিনীপুর জমিদারী কোং লিঃ দেং উমেশ মণ্ডল দিং দাবি ১৩৬৸৯ থানা সুতি মৌজে নয়াবাহাদুরপুর ৫-৮৯ শতকের কাত ২৭৸০ আঃ ১২৫৲ খং ১৩

৪৯৯ খাং ডিং ঐ দেং ঐ দাবি ২৪৷৵৩ মৌজাদি ঐ ৯৫ শতকের কাত ৩৷৵০ আঃ ২০৲ খং ৫৮৯

৪৬৮ খাং ডিঃ ঐ দেং মাওলাবকস মণ্ডল দিং দাবি ৬১৶৯ মৌজাদি ঐ ৩-৫২ শতকের কাত ১০৷০ আঃ ৫০৲ খং ৪৪৭ হইতে ৪৫০

৪৬৯ খাং ডিঃ ঐ দেং ধীরেন্দ্রনাথ দাস দাবি ৯৫৷/০ মৌজাদি ঐ ৩-৭১ শতকের কাত ১৬৸৬ আঃ ৯০৲ খং ৫৬৭

৪৭৫ খাং ডিঃ ঐ দেং ধীরেন্দ্রনাথ দাস দিং দাবি ৩১৵৬ মৌজাদি ঐ ৯৫ শতকের কাত ৪/০ আঃ ২৫৲ খং ৫৬৯

৪৯৩ খাং ডিঃ ঐ দেং ঐ দাবি ৩২৷৶০ মৌজাদি ঐ ২-২০ শতকের কাত ৯৸৬ আঃ ৩০৲ খং ৩৩৫

৪৭৪ খাং ডিঃ ঐ দেং বিদু মাহাড়া দিং দাবি ২৩৷/৩ মৌজাদি ঐ ৯০ শতকের কাত ৩/০ আঃ ২০৲ খং ৬৪৩

৪৯৪ খাং ডিঃ ঐ দেং গোপাল কোটাল দিং দাবি ৫৩৷৶৬ মৌজাদি ঐ ১-৩৯ শতকের কাত ৭৷৬ আঃ ৪৫৲ খং ৪৮০, ৬১

৪৯৭ খাং ডিঃ ঐ দেং রসরাজ মণ্ডল দিং দাবি ১৫৸৬ মৌজাদি ঐ ১৫ শতকের কাত ১৵০ আঃ ১০৲ খং ৬৩৪

৫০১ খাং ডিঃ ঐ দেং ভূপেন দাস দিং দাবি ১৯৸/৬ মৌজাদি ঐ ৩৭ শতকের কাত ১৷/৯ আঃ ১০৲ খং ৫৪৬

৫০০ খাং ডিঃ ঐ দেং বান্দাআলী বিশ্বাস দাবি ১৪৫৬ থানা ঐ মৌজে চাঁন্দামারী আঃ ১০৲ খং ৩১

৪৯৮ খাং ডিঃ ঐ দেং সামমহম্মদ মণ্ডল দিং দাবি ১৪৫৬ থানা ঐ মৌজে শ্যামপুর ৷৩৷৵০ জমির কাত ৸/৬ আঃ ১০৲

৪৯৬ খাং ডিঃ ঐ দেং সহেদুল্লা মণ্ডল দিং দাবি ১২৷৵৬ থানা ঐ মৌজে রমাকান্তপুর ৷০৷০ জমির কাত ৷৵৩ আঃ ৫৲ খং ১০

৪৯৫ খাং ডিঃ ঐ দেং মাহিরুদ্দি মণ্ডল দিং দাবি ১৭৩ থানা ঐ মৌজে আটপলগাছি ১৬ শতকের কাত ১৷০ আঃ ১০৲ খং ৫৩

৪৭১ খাং ডিঃ ঐ দেং নিভরশ ঘোষ দিং দাবি ২০৷৵৯ মৌজাদি ঐ ৩৯ শতকের কাত ৪৷৵০ আঃ ১৫৲ খং ৩৭

৪৭২ খাং ডিঃ ঐ দেং চমৎকারচন্দ্র দাস দিং দাবি ৬৬৷৵৯ থানা ঐ মৌজে পাঁচগাছিয়া ২-৫১ শতকের কাত ১২৷/০ আঃ ৬০৲ খং ৮৬

৪৭৩ খাং ডিঃ ঐ দেং বিদু মাহাড়া দিং দাবি ২৩৷০ থানা ঐ মৌজে ফতেপুর ৪৷১৵০ বিঘার কাত ৪৷৵৭৷০ আঃ ১৫৲ খং ২৪৭

৪৭৬ খাং ডিঃ ঐ দেং দক্ষবালা চৌধুরাণী দাবি ১৬৸৩ থানা ঐ মৌজে ইসলামপুর ১৪ শতকের কাত ১৷৵৩ আঃ ১০৲ খং ১৪৬

৪৫৮ খাং ডিঃ ঐ দেং হাসিনা খাতুন দিং দাবি ৪০৷৵৯ থানা ঐ মৌজে বাহাদুরপুর ৩-১১ শতকের কাত ১৩৸৯ আঃ ৩৫৲ খং ১২২

৪৯০ খাঃ ডিঃ ঐ দেং ধানু পাঁড়ে ওরফে শ্যামাপদ পাঁড়ে দিং দাবি ১৪৭৸০ থানা ঐ মৌজে নয়াবাহাদুর ও বাহাদুরপুর ৯-৬৯ শতকের কাত ৩২৸/০ আঃ ১৪০৲ খং ৭২০

৪৯২ খাং ডিঃ ঐ দেং রসরাজ রায় দিং দাবি ৫৫৷৵৬ মৌজাদি ঐ ৩-০২ শতকের কাত ১০৸০ আঃ ৫০৲ খং ৭০

৪৫২ খাং ডিঃ ঐ দেং ব্রজবালা বর্ম্মণ্যা দাবি ৪৬৷৯ থানা রঘুনাথগঞ্জ মৌজে আকবরপুর ১-৬৯ শতকের কাত ৮৷৵৯ আঃ ৪০৲ খং ৪৩

৪৫৪ খাং ডিঃ ঐ দেং জয়লাল মিস্ত্রী দাবি ৫৬৷৵৯ মৌজাদি ঐ ৩-৯৯ শতকের কাত ১৬৵৮ আঃ ৪০৲ খং ১৫

৪৫৫ খাং ডিঃ ঐ দেং নাজিরুদ্দিন সেখ দাবি ৩৮৸৩ মৌজাদি ঐ ৫৬ শতকের কাত ৮৷৵৯ আঃ ৩০৲ খং ৯৬

৪৭৯ খাং ডিঃ ঐ দেং সাবিত্রীবালা দেবী দাবি ৫২৷৵৯ থানা ঐ মৌজে খান্দুয়া ২-৫৭ শতকের কাত ৪৷৶৭ আঃ ৪৫৲ খং ৩৩

৪৮০ খাং ডিঃ ঐ দেং ঐ দাবি ২০৸৵০ থানা ঐ মৌজে দুবরা ৩৮ শতকের কাত ১৷৶৫ আঃ ১৫৲ খং ৪৬৪

৪৮১ খাং ডিঃ ঐ দেং ভোলানাথ সাহা দিং দাবি ১৯৸/৯ থানা ঐ মৌজে জঙ্গিপুর ৩২ শতকের কাত ২৲ আঃ ১৫৲ খং ৪৬

৪৮২ খাং ডিঃ ঐ দেং নকড়ি সাহা দিং দাবি ১৪৷৯ থানা ঐ মৌজে জঙ্গিপুর ২৩ শতকের কাত ১৷৶০ আঃ ৭৲ খং ৪৪৫

৪৮৩ খাং ডিঃ ঐ দেং চাঁদমল সেরাওগী দাবি ৭২৸/৯ মৌজাদি ঐ ২০ শতকের কাত ৩২৷০ আঃ ৬৫৲ খং ২২৮

৪৮৪ খাং ডিঃ ঐ দেং বিভূতিভূষণ দে দিং দাবি ২০৷/৩ মৌজাদি ঐ /৩ কাঠার কাত ৩৲ আঃ ১২৲ খং ৪৬

৪৮৬ খাং ডিঃ ঐ দেং সত্যরঞ্জন দে দিং দাবি ৪১৷০ মৌজাদি ঐ ৬ একরের কাত ১৫৸/২ আঃ ৩০৲ খং ১১৯৬

৪৮৮ খাং ডিঃ ঐ দেং অর্দ্ধেন্দুশেখর নাথ দিং দাবি ১৯৷৶৬ মৌজাদি ঐ ১১ শতকের কাত ১/৬ আঃ ৫৲ খং ৪০৬

৫০২ খাং ডিঃ ঐ দেং ভবানী মুখোপাধ্যায় দাবি ৪৪৷/০ মৌজাদি ঐ ৫-১০ শতকের কাত ১১৶০ আঃ ৪০৲ খং ৫১০

৪৮৫ খাং ডিঃ ঐ দেং সুন্দরলাল দাস দিং দাবি ২৫৷/০ থানা ঐ মৌজে ওসমানপুর ৯১ শতকের কাত ২৷৵৬ আঃ ১৫৲ খং ৪২, ১৬২

৪৮৯ খাং ডিঃ ঐ দেং রাধামোহন মজুমদার দিং দাবি ৩১৸৩ থানা ঐ মৌজে ছোটকালিয়াই ১-৪৫ শতকের কাত ৪৲ আঃ ১২৲ খং ৭৪

৪৬৫ খাং ডিঃ ঐ দেং নাজিরুদ্দিন বিশ্বাস দিং দাবি ২৭৵৬ মৌজাদি ঐ ১-৭১ শতকের কাত ৫৵৬ আঃ ২৫৲ খং ১৪১

৪৬১ খাং ডিঃ ঐ দেং বসন্তকুমার দাস দিং দাবি ৩৯৷/৬ থানা ঐ মৌজে জোতকমল ও ওসমানপুর ২-৫৪ শতকের কাত ৭৷৵৩ আঃ ৩০৲ খং ২১২ ও ১৭৭

৪৬৩ খাং ডিঃ ঐ দেং যতীশচন্দ্র দত্ত দিং দাবি ২১৸৩ থানা ঐ মৌজে জোতকমল ১-০৯ শতকের কাত ২৲ আঃ ১৫৲ খং ৩০০, ৩০১

৪৬৪ খাং ডিঃ ঐ দেং ঐ দাবি ২৩৵৯ মৌজাদি ঐ ৩৮ শতকের কাত ২৵১১ আঃ ১৫৲ খং ২৯৮

৪৬৬ খাং ডিঃ ঐ দেং মনমতী দাসী দিং দাবি ২৯৸৩ মৌজাদি ঐ ১-৬৬ শতকের কাত ৭৷০ আঃ ২৫৲ খং ২১৯

৪৫৩ খাং ডিঃ ঐ দেং সত্যেশ্বর রায় দিং দাবি ৪৩৷৯ থানা ঐ মৌজে ছোটকালিয়াই ও জঙ্গিপুর ৪-৩১ শতকের কাত ৭/১০ আঃ ৩০৲ খং ৪২১, ১০৫৭

৪৫৬ খাং ডিঃ ঐ দেং পদ্মকামিনী দেবী দাবি ২৯৫৸/৬ থানা ঐ মৌজে জঙ্গিপুর ও ছোটকালিয়াই ২৪-৬৫ শতকের কাত ১৭৪/৩ আঃ ২৯০৲ খং ৮২৬, ৩৮৩, ৩৮৫, ৩৮৭ হইতে ৪০৪, ৪০৭

৪৫০ খাং ডিঃ ঐ দেং কল্যাণী দেবী দিং দাবি ৩০৫/৬ মৌজাদি ঐ ২৫-৬৮ শতকের কাত ১৭৪/৩ আঃ ৩০০৲ খং ৮৩১ ও ৩৮৪

সি. কে. সেনের আর একটি

অনবদ্য সৃষ্টি

পুষ্পগন্ধে সুরভিত

ক্যাস্টর অয়েল

বিকশিত কুসুমের স্নিগ্ধ
গন্ধসারে সুবাসিত এই
পরিস্রুত ক্যাস্টর
অয়েল কেশের
সৌন্দর্য্য বর্ধনে
অনুপম।

সি. কে. সেন অ্যাণ্ড কোং লিঃ

জবাকুসুম হাউস, কলিকাতা ১২

রঘুনাথগঞ্জ পণ্ডিত-প্রেসে—শ্রীবিনয়কুমার পণ্ডিত কর্ত্তৃক
সম্পাদিত, মুদ্রিত ও প্রকাশিত।

দি আর্ট ইউনিয়ন প্রিণ্টিং ওয়ার্কস

৫৫।৭, গ্রে ষ্ট্রীট, পোঃ বিডন ষ্ট্রীট, কলিকাতা—৬

টেলিগ্রাম : "আর্টইউনিয়ন" টেলিফোন : বড়বাজার ৪১২

প্রাথমিক, মধ্য ও উচ্চ বিদ্যালয়ের
যাবতীয় ফরম, রেজিষ্টার, গ্লোব, ম্যাপ, ব্লাকবোর্ড এবং
বিজ্ঞান সংক্রান্ত যন্ত্রপাতি ইত্যাদি
ও
ইউনিয়ন বোর্ড, বেঞ্চ, কোর্ট, দাতব্য চিকিৎসালয়,
ক্যো-অপারেটিভ রুরাল সোসাইটী, ব্যাঙ্কের
যাবতীয় ফরম ও রেজিষ্টার ইত্যাদি
সর্ব্বদা সুলভ মূল্যে পাওয়া যায়

* * *

রবার ষ্ট্যাম্প অর্ডারমত যথাসময়ে প্রস্তুত ও ডেলিভারী হয়

আমেরিকায় আবিষ্কৃত

ইলেকট্রিক সলিউসন

— দ্বারা —

মরা মানুষ বাঁচাইবার উপায় ঃ—

আবিষ্কৃত হয় নাই সত্য কিন্তু যাঁহারা জটিল রোগে ভুগিয়া জ্যান্তে মরা হইয়া রহিয়াছেন, স্নায়বিক দৌর্ব্বল্য, যৌবনশক্তিহীনতা, স্বপ্নবিকার, প্রদর, অজীর্ণ, অম্ল, বহুমূত্র ও অন্যান্য প্রস্রাবদোষ, বাত, হিষ্টিরিয়া, সূতিকা, ধাতুপুষ্টি প্রভৃতিতে অব্যর্থ পরীক্ষা করুন! আমেরিকার সুবিখ্যাত ডাক্তার পেটাল সাহেবের আবিষ্কৃত তড়িৎশক্তিবলে প্রস্তুত ইলেকট্রিক সলিউসন' ঔষধের আশ্চর্য্য ফল দেখিয়া মন্ত্রমুগ্ধ হইবেন। প্রতি বৎসর অসংখ্য মুমূর্ষু রোগী নবজীবন লাভ করিতেছে। প্রতি শিশি ১৷৷০ টাকা ও মাশুলাদি ৸০ আনা।

সোল এজেন্ট ঃ—**ডাঃ ডি, ডি, হাজরা**

ফতেপুর, পোঃ—গার্ডেনরিচ, কলিকাতা—২৪

বিশ্বস্ত প্রতিষ্ঠান

চা-সংসদে

রকমারী সুগন্ধি দার্জ্জিলিং চা এবং আসাম ও ডুয়ার্সের ভাল চা ন্যায্য মূল্যে পাবেন। আপনাদের সহানুভূতি ও শুভেচ্ছা কামনা করি।

চা-সংসদ রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ।